



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৮-১২-২০১৪ তারিখের- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৬৩.১৩/৩৯৬ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণীর পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্বাচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' গুচ্ছ হতে ৩টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা শাখা
১। অর্থনীতি ২। যুক্তিবিদ্যা ৩। ভূগোল ৪। ইসলাম শিক্ষা	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন বিজ্ঞান ৩। জীব বিজ্ঞান ৪। উচ্চতর গণিত	১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪। পরিসংখ্যান

আরোপিত শর্ত সমূহ :

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতনভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্য অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরীতে কমপক্ষে ২০০০(দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৫। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- ৮। দ্বাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/= (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করাতে হবে।
- ১০। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১১। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১২। কলেজ চত্বরে ফলজ, বনজ ও গুঁড়ি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১৩। পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

প্রাপক : প্রধান শিক্ষক/অধ্যক্ষ

প্রস্তাবিত দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ

ডাক : যশোর সেনানিবাস, যশোর সদর, যশোর।

স্মারক নং -ক/অ/ ২২৬৩(২০)/৩

তারিখ : ২৪/৫/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- ৭। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর